

Azaman
28/07/23
[Signature]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শাখা ডি-৪
গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০০৪.২৫-১৩০

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের যোগাযোগ প্রকৌশলীর -এর শূন্যপদে ইতঃপূর্বে চলতি দায়িত্ব প্রদানকৃত ০২ (দুই) জন যোগাযোগ প্রকৌশলীর -এর বিগত ৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন সন্তোষজনক হওয়ায় এবং তাঁদের বিরুদ্ধে অডিট আপত্তি, বিভাগীয়, দুর্নীতি বা ফৌজদারী মামলা চলমান না থাকায় চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩-এর অনুচ্ছেদ-৭ অনুসারে নিম্নবর্ণিত ছকে বর্ণিত তারিখ থেকে নিম্নরূপ শর্তে ০২ (দুই) জন যোগাযোগ প্রকৌশলীর -এর চলতি দায়িত্ব প্রদানের মেয়াদ ১ম বারের মতো আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো:

ক্র: নং	নাম	পদবি	চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি
১.	জনাব মোঃ ওমর ফারুক	যোগাযোগ প্রকৌশলী	১৩/০৫/২০২৬ হতে ১২/১১/২০২৬
২.	জনাব বেগম রাজিয়া সুলতানা	(চলতি দায়িত্ব)	১৩/০৫/২০২৬ হতে ১২/১১/২০২৬

শর্তসমূহ:

(ক) চলতি দায়িত্ব পালনকালে কর্মকর্তাদ্বয় বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। তবে চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩ অনুসারে উক্ত ভাতা প্রদানের পূর্বে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;

(খ) সুপারিশকৃত পদবি ব্যবহারের ক্ষেত্রে “মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর/সংস্থার শূন্য পদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান/নীতিমালা, ২০২৩”-এর পদবি ব্যবহার সংক্রান্ত অনুচ্ছেদ-১২ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং

(গ) নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে চলতি দায়িত্ব হতে অব্যহতি দিতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জরুরি জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

১৪/৬/২০২৬

ডা. ফারহানা কবির

উপসচিব

ফোন: ০২-২২২২৪৪১৬৬

E-mail: d4@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০০৪.২৫-১৩০

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ ওমর ফারুক, যোগাযোগ প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৮। জনাব বেগম রাজিয়া সুলতানা, যোগাযোগ প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৯। অফিস কপি।

[Signature]
১৪/৬/২৬

ডা. ফারহানা কবির
উপসচিব